ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৭৫

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**বিশালগড় মহকুমা হাসপাতালকে জাতীয় গুণগতমান নিশ্চয়তা মানদণ্ড'র নিরিখে জাতীয় স্বীকৃতি**

**বিশালগড় মহকুমা হাসপাতাল জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড ̈র নিরিখে জাতীয় স্বীকৃতি অর্জন করেছে।১০ই সেপ্টেম্বর থেকে ১২ই সেপ্টেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত বিশালগড় মহকুমা হাসপাতাল -এ তিন জনের জাতীয় মূল্যায়নকারীর একটি দল কর্তৃক জাতীয় স্বাস্থ্য মিশনের অধীন জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড (NQAS)-এর জাতীয় পর্যায়ের মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হয়। এই মূল্যায়নকারীদলকে ভারতের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক মনোনীত করেছে।**

**এই সময়কালে হাসপাতালের পরিষেবা প্রদান পদ্ধতি, অবকাঠামো, রোগী সুরক্ষা, সংক্রমণ নিয়ন্ত্রণ, ও অন্যান্য গুণগত মানসমূহ জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড চেকলিস্ট অনুসারে বিস্তারিতভাবে যাচাই ও পর্যালোচনা করা হয় ।**

**২১ অক্টোবর+ ২০২৫ তারিখে প্রকাশিত ফলাফলে জানা যায় যে, বিশালগড় মহকুমা হাসপাতাল এ জাতীয় পর্যায়ের মানদণ্ডে ৮৮.৩৫% স্কোর অর্জন করে জাতীয় স্বীকৃতি লাভ করেছে। এটি আমাদের রাজ্যের প্রথম মহকুমা হাসপাতাল, যা সম্পূর্ণ জাতীয় মানদণ্ড অনুসারে জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড (NQAS) সার্টিফিকেশন অর্জন করেছে। জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।**

)))))))))